



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 2nd Semester Examination, 2023

GE1-P2-BENGALI
NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) অর্থালঙ্কার কাকে বলে? উদাহরণ দাও।
- (খ) অক্ষর কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
- (গ) লোকসাহিত্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো।
- (ঘ) যেঁটু গান কাকে বলে? উদাহরণ দাও।
- (ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘লোকসাহিত্য’ গ্রন্থের অন্তর্গত রচনাগুলির নাম লেখো।
- (চ) লোকসাহিত্যের আলোচনা বিষয়ক লেখকের নামসহ তিনটি গ্রন্থের নাম লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) ছন্দ নির্ণয় করো:
উঠ, বঙ্গ কবি, মায়ের ভাষায় মুমূর্ষুরে দাও প্রাণ।
জগতের লোকে সুধার আশায় সে ভাষা করিবে পান।
- (খ) ছন্দ নির্ণয় করো:
সে কি জানে
তিন মাস পেনশন না পাওয়া তার বাবা
গ্রাম ছেড়ে যে রাস্তা চলে গেছে দূরে, সেদিকে তাকিয়ে ভাবে —
কতদূর যেতে পারে রাস্তা, কতদূর?
- (গ) অলংকার নির্ণয় করো:
লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে।
- (ঘ) অলংকার নির্ণয় করো:
অর্থ তোমার বুঝে কেবল লোকে,
তোমার অর্থ বুঝবে বলো কবে।
- (ঙ) টীকা লেখো: (যে-কোনো একটি)
নকশী, বোলান, ভাদু।
- (চ) ‘আগড়ুম বাগড়ুম ঘোড়াডুম সাজে।’ — ছড়াটির পাঠান্তরগুলো নিজের ভাষায় এবং রবীন্দ্রনাথ ঠাকুরের মত অনুযায়ী এরূপ পাঠান্তরের কারণ ব্যাখ্যা করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) অমিত্রাক্ষর ছন্দের সংজ্ঞাসহ বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (খ) শ্লেষ অলংকার বিষয়টি ব্যাখ্যা করো। উদাহরণ আবশ্যিক।
- (গ) ছড়ায় শিশু মনস্তত্ত্ব কীভাবে প্রকাশিত হয় তা উদাহরণসহ লেখো।
- (ঘ) ‘এইরূপ নিম্নসাহিত্য এবং উচ্চসাহিত্যের মধ্যে বরাবর ভিতরকার একটি যোগ আছে।’ — রবীন্দ্রনাথের ‘গ্রাম্যসাহিত্য’ প্রবন্ধ অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো।

—x—